গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম
সহকারী প্রোগ্রামার এর দপ্তর
www.doict.rajarhat.kurigram.gov.bd
----

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

ছবি আপলোড করুন/ হেডিং লিখুন

## রাজারহাট উপজেলার আইসিটি কমিটির জুলাই/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | নূরে তাসনিম<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২০ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.২০ ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতেই মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের সকল শহীদদের স্মরণ করেন। এরপর উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গাবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ভিশন ২০৪১ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব নূরে তাসনিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম , সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আমার চোখে বঙ্গাবন্ধু | ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উদযাপনের জন্য "আমার চোখে বঙ্গাবন্ধু" শীর্ষক ১ মিনিট ভিডিও কন্টেন্ট নির্মাণের জন্য প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য প্রচার কার্যক্রম চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপস্থিত সকল |
| ০২ | পাবলিক সার্ভিস দিবস | ২৩ জুলাই পাবলিক সার্ভিস দিবস উদযাপনের নিমিত্তে উপজেলার সকল সরকারি দপ্তর কর্তৃক প্রদত্ত সেবা ডকুমেন্টশন করার সিদ্ধান্ত ও পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | সামাজিক যোগাযোগ মাধ্যম | বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব ইত্যাদি ব্যবহারে সকলকে সচেতন হওয়ার বিষয়ে আলোচনা হয়।<br>আলোচ্য বিষয়ঃ<br>i)সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বিভিন্ন অপ-প্রচার রোধে সচেতনতা বৃদ্ধি।<br>ii) সাইবার সিকিউরিটি বিষয়ে অবহিতকরন<br>iii) গুজব সহ বিভিন্ন উস্কানির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা<br>iv) ছাত্র-ছাত্রীদের মোবাইল ব্যবহারে সচেতনতা বৃদ্ধি।<br>v) ফেসবুক ব্যবহার নীতিমালা | উপস্থিত সকল |
| ০৪ | ওয়েব পোর্টাল | ১) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালানাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংলিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>২)উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা এবং পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সকল ইউনিয়নের সচিব ও উদ্যোক্তাদের নিয়ে দিনব্যাপী ইউনিয়নের পোর্টাল হালানাগাদ করা হয়।<br>৩) রাজারহাট উপজেলার অনেক দপ্তরের পোর্টাল হালনাগাদ করা হয়েছে। কিছু দপ্তরের পোর্টাল হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।<br>৪) সকল দপ্তর ও সরকারি প্রতিষ্ঠানের পোর্টাল হালনাগাদ করতে উপজেলা নির্বাহী অফিসার সকলকে জোড় আহ্বান জানান।<br>৫) মহান স্বাধীনতা দিবসের সকল কর্মসূচী পোর্টালে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তর |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ | গুণগত শিক্ষার মানোন্নয়ন ও ডিজিটাল অবকাঠামো উন্নয়নের জন্য "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" প্রাপ্ত প্রতিষ্ঠানের ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে শিক্ষককে ১০ দিন ব্যাপী "আইসিটি ইন এডুকেশন লিটারেসি ট্রাবলশ্যুটিং ও মেইনটেন্যান্স" বিষয়ক প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে প্রশিক্ষণার্থী শিক্ষকের তালিকা প্রদান করা হয়েছে। শীঘ্রই প্রশিক্ষণটি শুরু হবে। নিকটবর্তী সুবিধাজনক শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণ অনুষ্ঠিত করার নিমিত্তে **"সিঙ্গারডাবরীহাট বালিকা উচ্চ বিদ্যালয়ে"** অবস্থিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবটিকে প্রশিক্ষণ ভেন্যু হিসেবে ঠিক করা হয়। | সহকারী প্রোগ্রামার, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান, প্রশিক্ষানার্থী শিক্ষক |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫-০৭-২০২৩
নূরে তাসনিম
উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০০.০০.০০০০.০০০.০৬.০০১.১৯.১১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;

২। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম;

৩। সহকারী প্রোগ্রামার(সকল) কুড়িগ্রাম এবং

৪। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম।



২৫-০৭-২০২৩
মোঃ তৌহিদুল ইসলাম
সহকারী প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) july-23